ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১৪১

আগরতলা,৫ আগস্ট,২০২৫

# মহিলা কমিশনের উদ্যোগে সেলাই প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে আজ সেলাই প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন হয়। মহিলা কমিশন অফিসে হয় এই অনুষ্ঠান। সমাজের মহিলাদের আত্মনির্ভর করতে এই প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয় বলে জানান রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা। তিনি বলেন, আগামী ১৮ আগস্ট মুক্তধারা অডিটোরিয়ামে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের হাতে সেলাই মেশিন তুলে দেওয়া হবে। আগামীদিনে এইসব কর্মসূচি রাজ্যের প্রত্যেকটি জেলায় আয়োজন করা হবে বলে জানান তিনি। এই কর্মশালায় মোট ১২০ জন মহিলা অংশগ্রহণ করবেন। ১৫ জন করে এক একটি গ্রুপ করা হয়েছে প্রশিক্ষণের জন্য। প্রত্যেকটি গ্রুপ ৭ দিন ধরে এই কর্মশালায় যোগদান করবে। কর্মশালা শেষে তাদের হাতে তুলে দেওয়া হবে শংসাপত্র। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস এবং মহিলা কমিশনের অন্যান্য সদস্যাগণ।

*****